

**কৃষি বিশ্ববিদ্যালয়ে
পুলিশ-বিডিআর
টহল দিচ্ছে**

ময়মনসিংহ, ১৮ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।- আজ কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি শান্ত রয়েছে। পুলিশ ও বিডিআর ক্যাম্পাসে টহল দিচ্ছে। শ্রেফতারকৃত কয়েকজন ছাত্রকে জেল হাজতে পাঠানো হয়েছে। চিকিৎসারত ৩
বিডিআর : পৃঃ ৬ কঃ ৬

39

**বিডিআর : টহল দিচ্ছে
(১ম পৃষ্ঠার পর)**

জন শিবিরকর্মীকে আজ শ্রেফতার করা হয়েছে।

আজ সকালে কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মচারীর এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে উপাচার্য ডঃ মোহাম্মদ ফারুক বক্তব্য রাখতে গিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস নির্মূল করা হবে। রাজনৈতিক মতাদর্শ নিয়ে পার্থক্য থাকতে পারে, তাই বলে সশস্ত্র সংগ্রামে লিপ্ত থাকা শুভবুদ্ধিসম্পন্ন গণতন্ত্রমনা কোন মানুষের কাম্য হতে পারে না।

ডঃ ফারুক বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও শান্তি-শৃংখলা ফিরিয়ে আনার জন্য ছাত্রছাত্রীদের অভিভাবক, রাজনৈতিক নেতা, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানান। সমাবেশে নিহত ছাত্রদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়।

ছাত্রশিবির সকালে এক মৌন মিছিল এবং বিকেলে পাট গুদাম মোড়ে সমাবেশ করেছে।

জেলা সর্বদলীয় ছাত্রঐক্যও নতুন বাজার মোড়ে সমাবেশ করে। ছাত্রদল নেতা মোতাহার হোসেন তালুকদার সমাবেশে সভাপতিত্ব করেন। সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ ময়মনসিংহ শহরে জামাত শিবিরের সকল কর্মকর্তা নিষিদ্ধ ঘোষণা করেন। সমাবেশে আগামীকাল সন্ধ্যা ৬টায় দুর্গাবাড়ি চত্বরে সমাবেশ ও বিক্ষোভ মিছিল এবং ২০শে ডিসেম্বর জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও কর্মসূচী ঘোষণা করা হয়।

আজ বিশ্ববিদ্যালয়ের শাহজালাল হলের বাউন্ডারি এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় একটি একললা বন্দুক উদ্ধার করা হয়।